R. N. No. 2532/57 Phone No. RGG.112 Regd No.—WB/MSD—4

*Our Bricks are made of soil*
*Your dreams are made of our toil*
NIRMAN
'Piyal Kunja"
Kamal Kumar Devi Sarani
Haridasnagar
P. O. Raghunathganj
Dist. Murshidabad
Phone : Office 28 Resi : 161

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র

প্রতিষ্ঠাতা—স্বর্গত শরৎচন্দ্র পণ্ডিত (দাদাঠাকুর)

বিবাহ উৎসবে
ভি, ডি ও ক্যাসেট স্যুটিং
এর জন্য যোগাযোগ করুন—
ষ্টুডিও চিত্রশ্রী
রঘুনাথগঞ্জ :: মুর্শিদাবাদ

৭৬শ বর্ষ
২৮শ সংখ্যা

রঘুনাথগঞ্জ ১৩ই অগ্রহায়ণ বুধবার, ১৩৯৬ সাল।
২৯ শ নভেম্বর, ১৯৮৯ সাল।

নগদ মূল্য : ৪০ পয়সা
বার্ষিক ২০্

## সাম্প্রদায়িক বাধা ঠেলে সি, পি, এম পুনরায় জয়ী হলো

নিজস্ব সংবাদদাতা : ভোট গণনা শেষ হলো ২৭ নভেম্বর সন্ধ্যে নাগাদ। ঘোষিত হলো সি, পি, এমের জয়। হিন্দু মুসলীম উভয় সম্প্রদায়ের সাম্প্রদায়িক জাগরণ এবারে অনেক গুঞ্জন তুললেও শেষ পর্যন্ত সি. পি, এম প্রার্থী জয়নাল আবেদিন ৩৮,৬৩৭ ভোটের ব্যবধানে গত নির্বাচনের নিকটতম প্রতিদ্বন্দ্বী কংগ্রেস প্রার্থী মহঃ সোহরাবকে পরাজিত করে তার কাঙ্ক্ষিত জয় অর্জন করলেন। এবারের উল্লেখযোগ্য ঘটনা মুসলীম লীগ ও বি, জে, পির অভাবিত ভোট লাভ ও এস, ইউ, সির সর্বনিম্ন স্থানে চলে যাওয়া। ১৯৮৪ এর নির্বাচনের ফলাফলে সি পি এম ২,৮৩,৯৭৭, কংগ্রেস ২,৬৯,২৩৯, বি জে পি ১৬১০৫, মুসলীম লীগ ২৩৭২ এবং এস ইউ সি ৮৪৮৪ ভোট পান। কিন্তু এবারে সেখানে তাঁরা যথাক্রমে ৩,০৮,৮৩০ ; ২,৭০,১৯৩ ; ৮২,৫৫৩ ; ৪২,৯৯৬ ; ৫৮,৮৯৭ ভোট পেয়েছেন। বিধানসভা কেন্দ্র অনুযায়ী ভোটপ্রাপ্তির সংখ্যা দেখে বোঝা যায় মুসলীম লীগ ফরাক্কা ও অরঙ্গাবাদে দারুণভাবে মুসলীম ভোট টেনেছেন এবং বি জে পি প্রায় প্রতিটী কেন্দ্রেই তাঁদের প্রভাব বাড়াতে পেরেছেন। সি পি এমও প্রায় প্রতিটি কেন্দ্রেই গত নির্বাচনের চেয়ে ভোট বেশি পেয়েছেন। শুধু মাত্র অরঙ্গাবাদ ও সুতিতে তাঁরা গত নির্বাচনের থেকে কম ভোট পেয়েছেন। কংগ্রেস ফরাক্কা, জঙ্গিপুর ও নবগ্রামে বিপর্যস্ত হলেও অরঙ্গাবাদ, সুতি, সাগরদীঘি ও খড়গ্রামে তাঁদের অবস্থার উন্নতি ঘটাতে সক্ষম হয়েছেন। ফরাক্কায়মুস লীম লীগের থেকেও তাঁরা ৭৫ ভোট কম পেয়েছেন। ১৯৮৪ নির্বাচনের এই কেন্দ্রের বিধানসভা কেন্দ্র অনুযায়ী ফলাফল এবং তুলনামূলকভাবে এ বছরের ফলাফল দেখলেই বোঝা যাবে সাম্প্রদায়িক হাওয়া এই নির্বাচনকে রীতিমত প্রভাবিত করেছে।

বিধানসভা কেন্দ্রের ১৯৮৪ লোকসভা নির্বাচন

| প্রার্থী | ফরাক্কা | অরঙ্গাবাদ | সুতী | জঙ্গিপুর | সাগরদীঘি (তঃ পঃ) | নবগ্রাম | খড়গ্রাম (তঃ পঃ) |
|---|---|---|---|---|---|---|---|
| সি পি এম | ৩৫৭২০ | ৪১৯৫৯ | ৩৯১৯৪ | ৩৩৭৭৬ | ৩৯৩৭৮ | ৪৬৬০২ | ৪০১৬৩ |
| কংগ্রেস | ৩০৯৮৭ | ৩৪৭২৬ | ৩৯৭২৫ | ৪২০৩৮ | ৩৮০৭৫ | ৪০১৬৩ | ৪২৪৪৬ |
| বি জে পি | ৫৮১২ | ১৮৯৭ | ২৬২৬ | ২২৬১ | ১১১৯ | ৮০৮ | ১৫৩৬ |
| এস ইউ সি | ৫৭২ | ১৮৫৪ | ১৩৯৮ | ২৬০৬ | ৬০৭ | ১০৭৮ | ৩২৮ |
| মুসলীম লীগ | ৬৮৬ | ৬৯৩ | ২২১ | ৩৭৪ | ১২৬ | ১২৩ | ১২৯ |

১৯৮৯ লোকসভা নির্বাচন

| প্রার্থী | ফরাক্কা | অরঙ্গাবাদ | সুতী | জঙ্গিপুর | সাগরদীঘি (তঃ পঃ) | নবগ্রাম | খড়গ্রাম (তঃ পঃ) |
|---|---|---|---|---|---|---|---|
| সি পি এম | ৩৬৫৭৩ | ৩৮২৩০ | ৩৮৯৬৩ | ৪২১৭৮ | ৪৬৫০৪ | ৫৫১৬৯ | ৫১২১৩ |
| কংগ্রেস | ২০৬৯৯ | ৩৭৭৮১ | ৪১৩২৫ | ৩৮৮৮ | ৪১৪৭৯ | ৪২৪৮১ | ৪৭৮৪০ |
| বি জে পি | ১৬২০০ | ১০৭০২ | ১৪৬৩৪ | ১৫৮৬৩ | ৫৮১১ | ৯১১৮ | ১০২২৫ |
| এস ইউ সি | ৪৩৩ | ১১২৪ | ৮২৮ | ১৯৩৫ | ৩১৫ | ১০৫২ | ২১০ |
| মুসলীম লীগ | ২০৭৭৪ | ১৩৮৫৪ | ২১৮৬ | ৪৪০ | ৩৬৯১ | ১২০৬ | ৪৪৫ |
| বিদ্রোহী মু লীঃ | ৫০৭ | ৫১৪ | ৫২৬ | ৩৬২৯ | ৪৯৫ | ১৩৯২ | ৪৬৬ |

এছাড়া পোষ্ট্যাল ব্যালট পেয়েছেন সি পি এম ৯৬৮, কংগ্রেস ৪২৪, বি জে পি ১১২, বিদ্রোহী মুঃ লীঃ শূন্য, এস ইউ সি ৪, মুঃ লীঃ ১২।

## নির্ব্বাচন অবাধ ও শান্তিপূর্ণ হয়েছে—প্রশাসন
## বুথ দখল, রিগিং ও ভীতিপ্রদর্শন—বি, জে, পি

রঘুনাথগঞ্জ : জঙ্গিপুরের মহকুমা শাসক এক সাক্ষাতকারে জানান, এবারের নির্বাচন অবাধ ও শান্তিপূর্ণ হয়েছে। কোথাও কোন অপ্রীতিকর ঘটনা ঘটেনি। বিশেষ পরিদর্শক মিঃ নিমবালকার ২৪ পরগণা, মালদা, মুর্শিদাবাদ ও নদীয়ার দায়িত্ব নিয়ে নির্বাচন কেন্দ্রগুলি পরিদর্শনের মাঝে ২৭ নভেম্বরে জঙ্গিপুর আসেন। প্রার্থী ও দলের প্রতিনিধিদের (৩য় পৃষ্ঠায়)

## নির্ব্বাচন শেষে দিকে দিকে বিজয়ী দলের সন্ত্রাস

নিজস্ব সংবাদদাতা : গত ২৪ নভেম্বর ভোটের দিন সন্ধ্যের পর রাজারামপুরের দুই হিন্দু যুবক গোবর্দ্ধন সিংহ ও অলোক দাসকে পাওয়া যায় না। দু'জনেই ছিলেন বি জে পি সমর্থক। এক দিন পর গোবর্দ্ধনের মৃতদেহ নিকটবর্ত্তী গঙ্গায় পাওয়া যায়। অলোকের কোন খোঁজ নেই। খবর, তারা পার্শ্ববর্ত্তী গ্রাম হরিপুরে সন্ধ্যেয় তাদের ভাগীদারের বাড়ী যাবার পথে সি পি এমের লোকজনেরা তাদের ধরে নিয়ে যায় এন্তাজ সেখের কুঠি বাড়ীতে। সেখানে বি জে পি করার অপরাধে তাদের উপর অমানুষিক অত্যাচার চালানো হয়। ফলে দু'জনেরই মৃত্যু ঘটে। দুর্বৃত্তরা লাশ দুটি গঙ্গায় ফেলে দেয়। গ্রামবাসী সূত্রে জানা যায় সি, পি, এমের এই এন্তাজ সেখ ঐ অঞ্চলে ত্রাস স্বরূপ। এর আগে রামশিলা পূজায় বাধা দিতে এন্তাজই ৫/৬ হাজার লোক জড়ো করে গোলমাল বাধায়। নিখোঁজের ব্যাপারে থানায় খবর দিলে পুলিশ কোন পাত্তা দেয়নি বলেও মৃত যুবকদের আত্মীয়েরা অভিযোগ করেন। খবর পেয়ে বি জে পির প্রাদেশিক নেতা তপন শিকদার, সর্বভারতীয় নেতা বংশীলাল সোনী ও জেলা স্তরের নেতারা রাজারামপুরে গিয়ে চাপ সৃষ্টি করলে এন্তাজকে গ্রেপ্তার করা হয়। তবে শোনা যাচ্ছে সি পি এম, কংগ্রেস উভয় দলই এ ঘটনা চাপা দিতে চেষ্টা চালাচ্ছে। এই অঞ্চলের এক সম্প্রদায়ের মানুষ এই ঘটনায় আতঙ্কিত বলে বি জে পির সূত্রে খবর। তাঁরা ঘটনার সাবিক তদন্ত ও ব্যবস্থা নেওয়ার দাবী জানিয়ে এস পির সঙ্গে দেখা করেন। এস পি তাঁদের তদন্তের আশ্বাস দেন। আরেক ঘটনায় ২৭ নভেম্বর সামসেরগঞ্জ থানার খেজুরতলা গ্রামে সি পি এমের (২য় পৃষ্ঠায়)

বাজার খুঁজে ভালো চায়ের নাগাল পাওয়া ভার,
দার্জিলিঙের চূড়ায় ওঠার সাধ্য আছে কার?
শুনুন মশাই, স্পষ্ট কথা বাক্য পারিস্কার
মনমাতানো দারুণ চায়ের ভাঁড়ার চা ভাণ্ডার।।
সবার প্রিয় চা ভাণ্ডার, সদরঘাট, রঘুনাথগঞ্জ।
(ফোন : আর জি জি ১৬

সর্বেভ্যো দেবেভ্যো নমঃ

# জঙ্গিপুর সংবাদ

১৩ই অগ্রহায়ণ বুধবার ১৩৯৬ সাল

## নির্বাচনোত্তর

নবম লোকসভা নির্বাচন সমাপ্ত হইয়াছে। আমাদের এই প্রবন্ধ লিখিবার সময় পর্য্যন্ত কোন দলই কেন্দ্রে একক সংখ্যা গরিষ্ঠতা লাভ করিতে পারেন নাই। হিন্দী বলয়ে কংগ্রেস (ই)-র ভরাডুবি ঘটিয়াছে। আমেথি কেন্দ্রের প্রার্থী বর্তমান প্রধান মন্ত্রী রাজীব গান্ধী অবশ্য জয়ের পথে। কিন্তু আমেথির নির্বাচন প্রথমতঃ যেভাবে হইয়াছিল, তাহাতে অনেক একনিষ্ঠ কংগ্রেস কর্মীও সুখী হইতে পারেন নাই। যে ভূমিকা এইজন্য অকংগ্রেসী দলগুলি লইয়াছিলেন, তাহা অভিনন্দনযোগ্য। কারণ নির্বাচন কমিশন আমেথির কিছু বুথে পুনরায় ভোট গ্রহণের নির্দেশ দিয়াছিলেন।

পশ্চিমবঙ্গের ভোটপর্ব যেভাবে চলে, তাহাও নিঃসন্দেহে ধিক্কারজনক। কোন ভোটার প্রকাশ্যে ব্যালট ব ক্সের নিকট ভোটপত্রে ছাপ মারিতেছেন, ইহার জন্য কোন ব্যবস্থা করিবার কোন পদক্ষেপ অবাম দল দেখান নাই। খোদ কলিকাতায় বেশ কিছু কেন্দ্রে যে পদ্ধতিতে ভোটকার্য্য হইয়াছে তাহাও সকলেই জানেন। বুথের ভোটকর্মীদের অভিযোগ ধোপে টিকিল না। সন্ত্রাস, রিগিং, ছপ্পা ভোট ইত্যাদির প্রাচুর্য ছিল নানা জায়গাতেই তবু ভোটের পর ঘোষণা করা হইয়াছে যে, ভোট শান্তিপূর্ণ হইয়াছে। তবু বিরোধী পক্ষের প্রার্থীরা নিজ নিজ এলাকা লইয়া মশগুল রহিলেন এবং অন্য এলাকায় যে যথেচ্ছাচার হইতেছিল বলিয়া সংবাদ পাওয়া গেল, সেখানকার সম্বন্ধে উপযুক্ত ব্যবস্থা গ্রহণ তাঁহাদের পক্ষ হইতে করা হইল না। ফলে ভোটের ফলাফলে শাসক দল বাদে বিরোধী দলের ভরাডুবি হইয়াছে। ইহা হইতে পরম শিক্ষা লাভ করিবার পথ প্রশস্ত হইয়াছে আত্মতুষ্ট দৃঢ় সংগঠনে চরম দুর্বল কংগ্রেস (ই) দলেরই।

সর্বভারতীয় ভিত্তিতে বি জে পি সকলের চোখ খুলিয়া দিয়াছেন। এই দল যদিও তৃতীয় স্থানে আছেন, তথাপি অন্য দলের সমীহ আদায় করিবার ক্ষমতা তথা যোগ্যতা এই দল লাভ করিলেন স্ব-নিষ্ঠা ও সাংগঠনিক ক্ষমতার জোরে। দুঃখের বিষয় কংগ্রেস (ই) দলের সাংগঠনিক শক্তি অত্যন্ত শিথিল। এই দল যেখানে ভাল ফল করিয়াছেন, সেখানকার রাজ্যসরকার জনমনে বিরূপতা আনিয়াছিলেন স্ব-কর্মে। তাই জনগণ আনুকূল্য দেখাইয়াছেন কংগ্রেস (ই) দলের প্রতি।

পশ্চিমবঙ্গে কংগ্রেস (ই) দিন দিন সাংগঠনিক শক্তি হারাইয়া ফেলিতেছেন। উপযুক্ত বলিষ্ঠ নেতৃত্বের অভাব এবং দলীয় অন্তর্দ্বন্দ্ব এই দুর্বলতা আনিয়া দিয়াছে। কতদিনে এই সঙ্কট দলটি কাটাইবেন তাহাই দেখার। অনেক পূর্বেই এই দলের আত্মসমীক্ষা ও আত্মশুদ্ধির প্রয়োজন ছিল।

কেন্দ্রে সরকার গঠন কি ভাবে হইবে, তাহাই এখন দেখিবার আছে। তবে সমঝোতার সরকার পাঁচ বৎসর স্থায়ী হইবে কিনা, ভাবিবার বিষয়। স্বাধীনতা প্রাপ্তির পর হইতে কংগ্রেসের ক্ষয়িষ্ণুতা প্রাপ্তির জন্য দলীয় কর্মীদের দায়িত্ব কম নয়!

## চিঠি-পত্র

( মতামত পত্র লেখকের নিজস্ব )

### ডাক্তারের বিরুদ্ধে ড্রাগস আসক্তির অভিযোগ প্রসঙ্গে

আপনার পত্রিকার ৮ নভেম্বর সংখ্যায় প্রকাশিত উপরি উক্ত খবরটি ভিত্তিহীন। প্রকাশ থাকে যে, কোন ডাক্তারের বিরুদ্ধেই ঐ ধরনের জন-অভিযোগ কর্তৃপক্ষের কাছে নেই, এমতাবস্থায় আমরা হসপিটাল ডক্টারস্ ফোরাম এর ডাক্তারবৃন্দ উক্ত সংবাদের তীব্র প্রতিবাদ জানাচ্ছি। আমাদের মনে হয়, বর্তমানে জঙ্গিপুর মহকুমা হাসপাতালের সমস্ত চিকিৎসকবৃন্দের আন্তরিক প্রচেষ্টায়— চিকিৎসার যে সুন্দর পরিবেশ ক্রমশঃ প্রতিষ্ঠিত হতে চলেছে সেখানে এ ধরনের সংবাদে ডাক্তারদের মনোবল ভাঙতে বাধ্য যাহা রোগীর স্বার্থের পরিপন্থী। হাসপাতালের উন্নতিকল্পে আপনাদের গঠনমূলক আলোচনা ও সমালোচনা আমাদের মনোবল বাড়াবে ঠিকই, কিন্তু ভিত্তিহীন খবর প্রকাশ আমাদের কাজের বিঘ্ন ঘটাবে। ভবিষ্যতে এ ধরনের সংবাদ প্রকাশে সাবধানতা অবলম্বনের অনুরোধ জানাই। ডাক্তার-ফোরাম, জঙ্গিপুর মহকুমা হাসপাতাল। ২০-১১-৮৯

### দিকে দিকে বিজয়ী দলের সন্ত্রাস

( ১ম পৃষ্ঠার পর )

বিজয় মিছিল মাইমুদ্দিনের ব্যক্তিগত জায়গার উপর দিয়ে জোর করে যেতে গেলে মাইমুদ্দিনের দুই ছেলে মিন্টু ও নুর ইসলাম বাধা দেয়। নুর ইসলাম মিছিলের জনৈক মরতুজা সেখকে আঘাত করলে গণ্ডগোল চরমে উঠে। মিছিলের লোকজন মাইমুদ্দিনের বাড়ীতে ইঁট পাটকেল ছোড়ে ও বাইরের রান্নাঘরে আগুন লাগিয়ে দেয়। পুলিশ এই ঘটনায় নুরুল ইসলামকে গ্রেপ্তার করে। রঘুনাথগঞ্জ ২নং ব্লকের সেকেন্দ্রা গ্রামেও সি পি এম সমর্থকরা বিরোধীদের উপর বিভিন্ন ভাবে অত্যাচার চালাচ্ছে বলে কিছু গ্রামবাসী অভিযোগ করেন। তাঁরা আরোও বলেন হয়তো এই নিয়ে বড় ধরনের গোলমালও বাধতে পারে। বেশ কিছু হিন্দু প্রধান গ্রামে সি পি এম ও কংগ্রেস একত্রিত হয়ে বি জে পি সমর্থকদের উপর অত্যাচার চালাচ্ছে বলে খবর পাওয়া যায়। সি পি এম এবং কংগ্রেস উভয়েই এ অঞ্চলে বি জে পি ফোবিয়ায় ভুগছে। কেন না পশ্চিমবঙ্গের মধ্যে একমাত্র এই কেন্দ্রের বি জে পি প্রার্থীর জামানত বাজেয়াপ্ত হয়নি। অপর এক সংবাদে জানা যায় ভোটের পরদিন ২৩ নভেম্বর সকাল নটায় সুতী থানার গাজিন গ্রামের গৌরাঙ্গ দাসকে কয়েকজন আক্রমণ করলে তিনি ভীষণ আহত হন। জঙ্গিপুর হাসপাতালে ভর্তি করা হলে সেই রাত্রেই গৌরাঙ্গের মৃত্যু হয়। কংগ্রেস থেকে জানানো হয় তিনি ছিলেন কংগ্রেস সমর্থক। পুলিশ জানায় গত জানুয়ারীতে রাজনৈতিক গোলমালে বিপক্ষ দলের ধীরেন দাসকে গৌরাঙ্গের লোকজন হত্যা করে। তারই বদলা এই হত্যা। বি জে পির এক স্থানীয় মুখপাত্র জানান, গ্রামে গ্রামে সি পি এম সমর্থকরা বি জে পি করার অপরাধে হিন্দুদের উপর সশস্ত্র সন্ত্রাস চালাচ্ছে। বহরা, সেকেন্দ্রা, সোনাটিকুরী, বেলুড়িয়া, বালিয়া, সিদ্ধিকালী প্রভৃতি গ্রামের বি জে পি সমর্থকেরা আতঙ্কের মধ্যে দিন কাটাচ্ছেন। তাঁদের উপর নানা ভাবে চাপ সৃষ্টি করা হচ্ছে। মাঠের ফসল নষ্ট করা, জলাশয়ে বিষ মিশানো, বোমাবাজী পুরোদমে চলছে। এমন কি রঘুনাথগঞ্জ শহরের কেন্দ্রস্থল ম্যাকেঞ্জী পার্ক ও সোনাটিকুরী কলোনীতে বি জে পিকে ভোট দেওয়ার অপরাধে সি পি এমের মাস্তানরা গিয়ে অকথ্য গালিগালাজ ও ভীতি প্রদর্শন করছে। বিশ্বহিন্দু পরিষদের পক্ষ থেকে ২৯ নভেম্বর জেলার পুলিশ সুপারের সঙ্গে দেখা করে এ সব ঘটনা জানানো হয়েছে বলে খবর।

### ওজন ও পরিমাপ বিভাগ জানেন কি?

ধুলিয়ান: স্থানীয় শহরের হাটে বাজারে জিনিসপত্র কেনা বেচার বাটখারাগুলি সবই দু'নম্বরী বলে শহরবাসীরা অভিযোগ করেন। তাঁরা আরো বলেন, ঐ সব ব্যবসায়ীরা উভয় দিক থেকেই মুনাফা লুটছেন। অসাধু ব্যবসায়ীদের কাছে নাকি 'কেনারাম বেচারাম' জাতীয় দু'রকম বাটখারা আছে। খবর, ওজন ও পরিমাপ বিভাগের মহকুমা পরিদর্শক এ ব্যাপারে সম্পূর্ণ নির্বিকার। তাঁকে জঙ্গিপুরের অফিসেও সব দিন পাওয়া যায় না। তিনি বহরমপুর থেকে যাতায়াত করে কাজ চালান। এই পরিস্থিতিতে অসাধু ব্যবসাদারেরা যে বুড়ো আঙুল দেখাবে তাতে আর আশ্চর্য কি?

### রান্নার আগুনে বাড়ী পুড়ে ছাই

জঙ্গিপুর: গত ৯ নভেম্বর রঘুনাথগঞ্জ ২নং ব্লকের মিঠিপুর গ্রামে সাজ্জাদ সেখের বাড়ীতে আগুন লাগে ও সম্পূর্ণ বাড়ীটি পুড়ে ছাই হয়ে যায়। জানা যায় দুপুরে রান্না করতে গিয়ে উনুনের আগুন চালে লেগে এই অগ্নিকাণ্ড ঘটে। ঘরের একটি জিনিসও উদ্ধার করা যায়নি। পঞ্চায়েত সমিতি থেকে গৃহস্থকে ত্রাণ হিসাবে ত্রিপল ও গম সাহায্য দেওয়া হয়।

## রিগিং ও ভীতিপ্রদর্শন

( ১ম পৃষ্ঠার পর )

সাথে দেখা করে তাঁদের সুবিধা ও অসুবিধার কথা জানতে চান। প্রত্যেক দল থেকেই নির্ব্বাচনী ব্যবস্থার প্রশংসা করা হয় বলে তিনি জানান। এই কেন্দ্রে ভোট নেওয়ার দিন থেকে গণনা শেষ হওয়া পর্যন্ত ডিরেক্টর অফ ফিসারীজ মিঃ এ, কে, জৈন এখানে উপস্থিত ছিলেন। তিনিও দলীয় প্রতিনিধিদের সাথে গণনা ব্যবস্থা নিয়ে বিশদ আলোচনা করেন এবং কোথাও কোন ভোট গ্রহণ কেন্দ্রে কোন গাফিলতি হয়েছে কিনা জানতে চান। প্রতিটি দলের পক্ষ থেকে সব ব্যবস্থায় সন্তোষ প্রকাশ করা হয় বলে মহকুমা শাসক জানান। বিভিন্ন গ্রামে গঞ্জে ভীতিপ্রদর্শন, বুথ দখল হয়েছে বলে বি জে পির অভিযোগ সম্বন্ধে জানতে চাওয়া হলে তিনি বলেন এ ধরনের কোন অভিযোগই কেউ প্রশাসনের কাছে করেননি। অবশ্য জনৈক দায়িত্বশীল অফিসার বলেন আপনারাও যেমন শুনছেন, আমরাও তেমনি শুনেছি। কিছু কিছু অঞ্চলে ভীতিপ্রদর্শনের ও কয়েকটি স্থানে বুথ দখলের অভিযোগও উঠেছে। কিন্তু কোন প্রিজাইডিং অফিসার এ সম্বন্ধে কোন রিপোর্ট না করায় স্বভাবতই মনে হয় ঘটনাগুলি রটনামাত্র এবং এর কোন সঠিক ভিত্তি নেই। আমাদের সংবাদদাতা জানাচ্ছেন ২৫ নভেম্বর সুতী থানার গাঙ্গিনে দুপক্ষের সংঘর্ষে গৌরাঙ্গ দাস নামে জনৈক ব্যক্তি নিহত হয়েছেন। পুলিশের মতামত এটা ভোটের বা রাজনৈতিক কোন সংঘর্ষ নয়। এটা পুরোপুরি ব্যক্তিগত দলাদলি। এক পক্ষের একজন গত এপ্রিলে খুন হওয়ার জের এই হত্যা। ভোট দিতে আসার সময় সুযোগ বুঝে গৌরাঙ্গকে হত্যা করা হয়েছে। পুলিশ তিনজন গ্রামবাসীকে গ্রেপ্তার করেছে বলে জানা যায়। আরেক ঘটনায় জানা যায় জঙ্গিপুরের বিধায়ক হাবিবুর রহমানকে আটকিয়ে রাখা হয়। পুলিশ জানায় এটা কিছু নতুন ঘটনা না, হাবিবুরের লোকেরা পূর্বে কয়েকজনকে আটকিয়ে রাখার বদলা হিসাবে এই কাজ। রঘুনাথগঞ্জ ২নং ব্লকের নবকান্তপুরে ২৫ নভেম্বর থেকে বোমাবাজি চলছে বলে খবর। ভোট দেওয়া না দেওয়ার প্রশ্ন নিয়েই এই বোমাবাজি। অবশ্য পুলিশ ঘটনাস্থলে গিয়ে অবস্থা আয়ত্তে আনে। খবর, বি জে পিকে রুখতে ঐ ব্লকের গোঁসাইবাহুরা গ্রামে সি পি এম ও কংগ্রেস একত্রে রুখে দাঁড়ায় ও সেই সমঝোতায় সি পি এমে ভোট বেশি করে পড়তে থাকে। কৃষ্ণশাইল গ্রামে বোমা পড়ার ঘটনাকে কেন্দ্র করে পুলিশকে দু'রাউণ্ড গুলি চালাতে হয় বলে খবর পাওয়া যায়। আহত একজনকে জঙ্গিপুর হাসপাতালে ভর্তি করা হয়। বি জে পির অভিযোগ, সেকেন্দ্রায় সি পি এম জোর পূর্ব্বক বুথ দখল করে এবং কোন ভোটারকে ঢুকতে না দিয়ে মিথ্যা ভোট দেয়। অনেকে পরে ভোট দিতে গিয়ে দেখেন তাঁদের ভোট দেওয়া হয়ে গেছে। সেকেন্দ্রার ভারপ্রাপ্ত সেক্টার অফিসারকে গণ্ডগোলের সময় সেখানে দেখা যায়নি বলে অভিযোগ উঠেছে। গোলমালের সময় ভারপ্রাপ্ত পুলিশবাহিনীরও পাত্তা পাওয়া যায়নি। মহকুমা শাসকের অফিসে আলোচনা অনুযায়ী প্রতি ৪টি বুথে একজন করে সেক্টর অফিসার দেওয়ার সিদ্ধান্ত কোনক্ষেত্রেই মানা হয়নি বলে বি জে পি অভিযোগ করেন। জানা যায় ঐ গ্রামের সি পি এম সমর্থকরা বি জে পিকে ভোট দেওয়াতো দূরের কথা বি জে পির হয়ে প্রচার করলেই তাদের প্রাণে মেরে ফেলা হবে বলে হুমকি দেয়। লালখাঁনদিয়াড়েও বোমা পড়ে বলে খবর। রঘুনাথগঞ্জ ব্লকের সিদ্ধিকালী গ্রামে অনিল মুখার্জী নামে জনৈক সি পি এম নেতাকে বি জে পির পোষ্টার ছেঁড়ার কাজে নিয়োজিত দেখা যায়। এমনকি শহরে জঙ্গিপুর টাউন ক্লাব বুথেও অনেকে ভোট দিতে গিয়ে তাঁদের ভোট দেওয়া হয়ে গেছে দেখে ফিরে আসেন। ফরাক্কা থানার ইমামনগর অঞ্চলে সি পি এম সবগুলো বুথ দখল করে বলে কংগ্রেস সূত্রে খবর মেলে। রঘুনাথগঞ্জের ঘোড়শালা বুথে বি জে পির এজেণ্ট সি পি এম সমর্থকদের হাতে লাঞ্ছিত হন বলে বি জে পির পক্ষে অভিযোগ তোলা হয়েছে। আমাদের সাগরদীঘির সংবাদদাতা জানান মনিগ্রাম জুঃ হাই স্কুলের ১ ও ২নং বুথ দখল করে সি পি এম সমর্থকরা নিজেদের স্বার্থে ভোট দেওয়ায়। ডিহিপাড়ায় সি পি এমরা কংগ্রেসীদের লক্ষ্য করে ঢিল পাটকেল ছুঁড়লে গণ্ডগোলের সৃষ্টি হয়। শেষ পর্যন্ত গ্রাম্য সালিশিতে গোলমাল মিটে যায়। কাবিলপুর গ্রাম পঞ্চায়েতের পাকালপাড়া প্রাইমারী স্কুল বুথে ভোট দিতে গিয়ে এক দঙ্গল কংগ্রেস সমর্থক ফিরে আসেন। পথে বেশ কয়েকটি বোমা ফাটিয়ে সি পি এম সমর্থকরা তাদের পথ অবরোধ করে বলে খবর। পরে পুলিশ ঘটনাস্থলে গিয়ে অবস্থা আয়ত্তে আনে। সুতীর ১১০, ১১১, ১১২ নং বুথে গ্রামবাসীরা রাস্তা সংস্কারের দাবিতে ভোট বয়কট করেন।

হোটেল সম্রাট
ধুলিয়ান ।। মুর্শিদাবাদ
( ফোন ৮৬ )
রূপ মেডিক্যালের
সামনে দোতলায়
রুচিসম্মত পরিষ্কার পরিচ্ছন্ন
আহার ও থাকার একমাত্র
নির্ভরযোগ্য প্রতিষ্ঠান

## ওপার বাংলা থেকে প্রচুর আগ্নেয়াস্ত্র আমদানী হচ্ছে !

ফরাক্কা ঃ এই ব্লক সংলগ্ন কয়েকটি সীমান্ত দিয়ে শুধু ইলেকট্রনিক্স গুডস্ নয়, ব্যাপকহারে বিভিন্ন আগ্নেয়াস্ত্র আমদানী হচ্ছে বলে জানা যায়। প্রশাসন যে এসব জানেন না তা নয় কিন্তু রহস্যজনক ভাবে এ ব্যাপারে উদাসীন রয়েছেন বলে অভিযোগ উঠেছে। খবর এন টি পি সির মোড়ে এইসব আগ্নেয়াস্ত্রের চোরা ঘাঁটি রয়েছে এবং এগুলি সোজা রাস্তায় নানা যানবাহন মাধ্যমে ছড়িয়ে পড়ছে। স্থানীয় মানুষের অভিযোগ, পুলিশের চোখের সামনে দিয়ে চোরাকারবারীরা মালদা কালিয়াচকের মধ্য দিয়ে ওগুলিকে ভাগলপুরে চালান দিচ্ছে। এই কারবারের সঙ্গে স্থানীয় বেশকিছু ধনী ব্যবসায়ীর যোগসাজগ রয়েছে বলে স্থানীয় মানুষ মনে করেন। এঁদের চাপে পড়েই প্রশাসন ও রাজনৈতিক দলগুলি একেবারে চুপচাপ।

রঘুনাথগঞ্জ বালিঘাটায় বাসোপযোগী ২৪ কাঠা জায়গা ৯টি প্লটে বিক্রী হবে
যোগাযোগের ঠিকানা
কিরণপ্রকাশ মুখার্জী ( চাঁহু )
রঘুনাথগঞ্জ বালিঘাটা
হিমাংশু দাস
রঘুনাথগঞ্জ হরিদাসনগর
পরমেশ পাণ্ডে/রঘুনাথগঞ্জ

## সাম্প্রদায়িক সম্প্রীতি রক্ষার জন্য মুখ্যমন্ত্রীর আবেদন

সম্প্রতি ভারতবর্ষের বিভিন্ন অংশে যে সাম্প্রদায়িক দাঙ্গা ছড়িয়ে পড়েছে সে ব্যাপারে দেশের সমস্ত শুভবুদ্ধিসম্পন্ন মানুষ সঙ্গত কারণেই গভীরভাবে উদ্বিগ্ন।

বিভিন্ন সম্প্রদায়ের মধ্যে সম্প্রীতি ও সহযোগিতা রক্ষার এক মহান ঐতিহ্য অংশ পশ্চিমবঙ্গের আছে। এই মুহূর্তে সাম্প্রদায়িক শান্তি ও ঐক্যের আদর্শকে তুলে ধরা একান্ত প্রয়োজন। রাজ্য সরকার যদিও কোন ধর্মীয় বিশ্বাসে বা ধর্মাচরণে হস্তক্ষেপ করবে না, তবুও যাতে সাম্প্রদায়িক শান্তি কোথাও ব্যাহত না হয় এবং যাতে আবহাওয়া কলুষিত করতে অশুভ শক্তি কদর্যভাবে মাথা চাড়া দিয়ে ওঠার সুযোগ না পায় সেজন্য পুরো রাজ্যের উপর কড়া নজর রাখতে আমরা প্রশাসনকে নির্দেশ দিয়েছি। আমি সকল শ্রেণীর জনসাধারণকে এই আশ্বাস দিচ্ছি যে এই পরিস্থিতি মোকাবিলার জন্য প্রশাসনকে সর্ব্বতোভাবে তৎপর রাখা হয়েছে। আমি সকল স্তরের জনগণের কাছে সাম্প্রদায়িক শান্তি ও শৃঙ্খলা বজায় রাখার জন্য সহযোগিতা করতে দূরভিসন্ধিমূলক গুজব বা প্রচারে কান না দিতে আবেদন করছি।

পশ্চিমবঙ্গ সব সময়েই বৈচিত্র্যের মধ্যে ঐক্য রক্ষার ক্ষেত্রে এক উজ্জ্বল দৃষ্টান্ত। আমি নিশ্চিত যে আজও পশ্চিমবঙ্গ একইভাবে বিভেদকামী শক্তি এবং সাম্প্রদায়িকতার বিরুদ্ধে দৃঢ় প্রতিরোধ গড়ে তুলবে।

জেলা তথ্য ও সংস্কৃতি বিভাগ, মুর্শিদাবাদ।

## অরঙ্গাবাদ বাজার চোরা চালানের মুক্তাঞ্চল

নিজস্ব সংবাদদাতা: অরঙ্গাবাদ থেকে নুরপুর পর্যন্ত বিস্তীর্ণ সীমান্ত দিয়ে বাংলাদেশে প্রচুর চিনি গোপনে চালান যাচ্ছে বলে খবর। পুলিশ প্রশাসন মাঝে মধ্যে চালানকারীদের গ্রেপ্তার করে বস্তা বস্তা চিনি উদ্ধার করেছেন। কিন্তু আইনের ফাঁকে ও রাজনৈতিক দাদাদের মদতে চোরা চালান অব্যাহত রয়েছে। খবরে প্রকাশ, গত ১৭ নভেম্বর রাত্রে থানা থেকে ৫০ গজ দূরে অরঙ্গাবাদ বাজারে ৫০ বস্তা চিনি ট্রাকসহ ধরা পড়ে। এই ঘটনার দু'দিন পর সুতী থানার ওসি-র তৎপরতায় অরঙ্গাবাদ বাজার থেকে ৪০ বস্তা এবং মহালদার পাড়া থেকে ৫ বস্তা বেআইনী চিনি আটক করা হয়। বর্তমানে বি এস এফ মাঝে মাঝে বাজারে টহল দেওয়ায় চিনি চোরাচালান থেমে রয়েছে। কিন্তু বি এস এফ এবং পুলিশ এই সব মাল বেওয়ারিশ বলে ঘোষণা করায় স্থানীয় জনসাধারণ হতবাক। স্থানীয় মানুষের অভিযোগ, বেশ কয়েকজন প্রভাবশালী ব্যবসাদার এই চোরা চালানের সঙ্গে জড়িত। কিন্তু রহস্যজনক ভাবে সব কিছু জেনেও পুলিশ এবং বি এস এফ মালগুলিকে বেওয়ারিশ দেখিয়ে দোষীদের বাঁচিয়ে দিচ্ছেন। অন্যদিকে খবর, সম্প্রতি সজনীপাড়া দিয়ে আপেলের পেটিতেও মণ মণ চিনি আপেলের সঙ্গে বাংলাদেশে চালান যাচ্ছে।

## ষ্টেট বাস-লরী সংঘর্ষ

আহিরণ: গত ২২ নভেম্বর ভোরে সুতী থানার চাঁদের মোড় ও সাজুর মোড়ের মাঝামাঝি ৩৪নং জাতীয় সড়কে একটি ষ্টেট বাস ও লরীর মুখোমুখি সংঘর্ষ হয়। বাসের ২ জন গার্ড, ড্রাইভারসহ ২০/২২ জন যাত্রী আহত হন। এদের জঙ্গিপুর হাসপাতালে নিয়ে এলে গার্ড দু'জন ও ড্রাইভারকে আশংকা জনক অবস্থায় বহরমপুর হাসপাতালে ভর্তি করা হয়।

**Govt. of West Bengal**
**Office of the District Magistrate, Murshidabad**

## Motor Vehicles Department

## NOTICE

Applications for Transfer of Ownership in respect of the following vehicle have been received in the office of the undersigned. The office deems fit to bring it to the notice of the interested persons and as such objections are hereby invited within 15 (fifteen) days from the date of it publications if any against the transfer of ownership in favour of the transfer noted against each of the vehicle.

Objection in triplicate with valid documents in its support will be received upto 12 noon within the stipulated period. After expiry of the stipulated period transfer of ownership will be effected to without any further publication of notice.

1. Shri Ratan Das Mukherjee, S/o Shri Narayan Ch. Mukherjee Beldanga Babupara, P. S Beldanga, Dist. Murshidabad, RRL—7940 (M/Cycle)
2. Shri Dilip Kr. Bhattacharyya, S/o Shri Baidyanath Bhattacharyya 5, Pandey Lane, Gorabazar, P.O. & P.S. Berhampore, Dt. Murshidabad WMJ—6934 (Scooter)
3. Shri Bibekananda Saha, S/o Lt. Nildanta Saha Vill. Dhuapur, Panchgram, P.S. Nabagram, Dt. Murshidabad, WGZ—600 (M/Cycle)
4. Shri Pronab Kr. Das, S/o Lt. Kanailal Das, Shri Raj Kr. Das, S/o Shri Nibaran Ch. Das, Vill. & P.O. Ratanpur. P.S. Samserganj Dt. Murshidabad WGQ—1561 (Truck)
5. Shri Pratul Kr. Mukherjee, S/o Lt. Sabitri Charan Mukherjee Vill. Ruppur Kandi, P O. & P.S. Kandi, Dt. Murshidabad WBE—2867 (Jeep)
6. Selimuddin Ahamed, Vill. P.O. & P.S. Raghunathganj, Dt. Murshidabad WGZ—2565 (M/C)
7. Shri Dhirendra Nath Ghosh, S/o Lt. Ramanath Ghosh Vill. Porabagan, P.O & P S Jiaganj, Dt. Msd. BRY—2966 (Truck)
8. Shri Prosanta Kr. Datta, S/o Lt. Sudhir Kt. Datta Kandi Puratanhat, P.O. & P.S. Kandi, Dt. Msd. WGQ—1403 (Truck)
9. Shri Anup Kumar Saha, S/o Shri Nagendra Nath Saha, Gorabazar, P.O. & P.S. Berhampore, Dt. Msd. DEO—6324 (Scooter)
10. Shri Biswanath Das, S/o Lt. Anadi Bhusan Das, Berhampore Police Line, Quarter No. 9, P.O. Berhampore, Dt. Msd. WGZ—2961 (M/C)
11. Shri Somen Kr. Pramanik S/o Sasti Charan Pramanik, C/o Ganen Kr. Mandal, Vill. & P.O. Koliganj. P.S. Jiaganj, Dt. Msd. WMJ—2273 (Tractor)

Sd/- Ashok Bhattacharyya, Registering Authority, Murshidabad

NTPC
नेशनल थर्मल पावर कारपोरेशन

National Thermal Power Corporation Ltd.

(A GOVERNMENT OF INDIA ENTERPRISE)

Farakka Super Thermal Power Project

P. O. NABARUN : DIST. MURSHIDABAD (W. B.)
PIN : 742 236

**Corrigendum To The N. I. T. Nos. FS : 42 ; CS : 1122/T-103/89**

SALE OF TENDER DOCUMENTS IS BEING EXTENDED FROM 25-11-89 TO 27-12-89 AND THE O. B. D. WILL BE ON 29-12-89 AT 3-00 P. M. RESPECTIVELY.
ALL OTHER TERMS AND CONDITIONS WILL REMAIN UNALTERED.

Dy. Manager (Contracts)
F.S.T.P.P./N.T.P.C.

## সি পি এম করতে না চাওয়ায় দু'জন শিক্ষক স্কুল ছাড়া

ধুলিয়ান : এই সার্কেলের অধীন ৬৬নং শোভাপুর প্রাথমিক বিদ্যালয়ের দু'জন শিক্ষক এজাবুল হক ও মোঃ শাজাহান আলি সি পি এমের অত্যাচারে গত ক'মাস যাবৎ স্কুল যেতে পারছেন না বলে গুরুতর অভিযোগ পাওয়া গেছে। ঘটনার বিবরণে প্রকাশ, জনৈক মুরশেদ আলি স্থানীয় সি পি এমের প্রভাবশালী নেতা। তাঁর দাবী এই স্কুলের শিক্ষকদের সি পি এম পার্টি করতে হবে। এবং তাঁদের কথামত বাংলাদেশী ছেলে-মেয়েদের স্কুলে ভর্তি করতে হবে। ঐ শিক্ষকদের অভিযোগ এখানে দীর্ঘদিন যাবৎ সামন্ততান্ত্রিক কায়দায় অত্যাচার চালিয়ে আসছে সি পি এম পার্টির ঠ্যাঙ্গাড়ে বাহিনী। উক্ত বিদ্যালয়ের শিক্ষকদ্বয় সরাসরি ও সক্রিয়-ভাবে রাজনীতি, স্কুলে বাংলাদেশী ছেলেমেয়েদের ভর্তি করতে অক্ষমতা জ্ঞাপন করায় তাদের প্রাণনাশের হুমকি দিয়ে গ্রাম তথা স্কুল ছাড়া করা হয়েছে। এ ব্যাপারে জেলা শিক্ষা দপ্তরকে জানিয়েও কোন প্রতিকার পাওয়া যায়নি।


## চাঁদপাড়া গ্রামে রাসযাত্রা উৎসব

সাগরদীঘি : এই ব্লকের চাঁদপাড়া গ্রামে গত ১২ থেকে ১৬ নভেম্বর আদিবাসীদের মধ্যে রাসযাত্রা উৎসব পালিত হয়। সাগরদীঘি, নবগ্রাম ও রঘুনাথগঞ্জ থানার বহু গ্রাম থেকে সাঁওতাল পুরুষ মহিলারা উক্ত উৎসবে যোগ দেন ও আদিবাসী গান ও নৃত্য পরিবেশন করেন। আদিবাসীদের মধ্যে পুরাতনী বিশ্বাস—রাস উৎসব দেখলে মেয়েরা বন্ধ্যা হয় না। এই উৎসব উপলক্ষ্যে জেলা তথ্য ও সংস্কৃতি আধিকারিক উৎপল ঝা কয়েকজন উৎসুক ইতিহাস গবেষকদের নিয়ে ঐ এলাকার ইতিহাস ও সংস্কৃতি সংগ্রহে আসেন বলে জানা যায়। ১৪ নভেম্বর এই ব্লকের বি ডি ও বাদলচন্দ্র দাস আদিবাসী শিশুদের এক উৎসবে সভাপতিত্ব করেন। অনুষ্ঠানে আদি-বাসী শিশুদের দিয়ে নাচ, গান ও কবিতা আবৃত্তি করানো হয়। অনুষ্ঠান পরিচালনা করেন উজ্জ্বলকান্তি প্রামাণিক। ১৬ নভেম্বর স্থানীয় ব্লকের কৃষি উন্নয়ন আধিকারিক অজিত দাস আদিবাসী কৃষকদের তৈলবীজ ও ডালশস্য বপনে উৎসাহিত করেন। তিনি তাঁদের শিশু-দের শাকসব্জী উৎপাদনে সচেষ্ট হতে এবং চাষের পূর্বে সব সময় মাটি পরীক্ষা করিয়ে নেবার উপদেশ দেন।



# এই সেই মহামানব

তিনি ভারতকে এবং ভারতের জনগণকে মন প্রাণ দিয়ে ভালবাসতেন। আর ভারতের জনগণও তাঁকে দিয়েছিলো তাদের অন্তরের সবটুকু ভালবাসা–উজাড় করে –অকৃপণ ভাবে।





"একটি জাতির উন্নতি কি করে হতে পারবে – যদি সেই জাতির অর্ধেক জনগণ – যদি আমাদের মহিলারা পিছিয়ে পড়ে থাকেন?" এই প্রশ্নটি তাঁর মনে নিরন্তর জাগরূক ছিল– আর তাই তিনি ভারতীয় মহিলাদের উন্নয়নের জন্যে অবিরাম প্রয়াস করে গেছেন।



নিপীড়িত জনগণের কাছে–সুযোগ সুবিধার অভাবগ্রস্ত এবং শোষিত মানুষের কাছে তিনি ছিলেন মুক্তির এক মূর্ত প্রতীক।



"আমি চাই কাজ –কাজ এবং কেবল কাজ। আমি চাই সাফল্য। তাই আমি চাই এমন মানুষ যারা একাগ্রচিত্তে নিষ্ঠার সঙ্গে কাজ করে যাবেন।"



ভারতকে গড়ে তোলাই ছিল তাঁর আবেগানুভূতি

davp 89/741 Ben.

## গণ ধোলায়ে গরু চোরের মৃত্যু

রঘুনাথগঞ্জ ঃ স্থানীয় ব্লকের রাণী-নগরের প্রধান এক লিখিত পত্রে আমাদের পত্রিকা দপ্তরে জানান যে রাজানগর গ্রামে গরু চুরি করতে এসে ধরা পড়ে জনৈক গরু চোর নৈমুদ্দিন সেখ গণ ধোলায়ের ফলে মারা যায়। তিনি জানান গত ২৯ নভেম্বর রাত্রে ঐ গ্রামের গণেশচন্দ্র দাসের বাড়ীতে লালগোলা থানার নতুন দিয়ারের তিনজন দুষ্কৃতকারী গরু চুরি করতে ঢোকে। গণেশ দাসের মেয়ে নীহারী তাদের দেখতে পেয়ে চিৎকার করতে থাকলে দু'জন পালিয়ে যায়। নৈমুদ্দিন গ্রামের লোকের হাতে ধরা পড়ে মারের চোটে মারা যায়। এই ঘটনাকে কেন্দ্র করে পার্শ্ববর্তী বৈকুণ্ঠপুর গ্রামের কিছু সুযোগ সন্ধানী ব্যক্তি সাম্প্রদায়িক সম্প্রীতি নষ্ট করার চেষ্টা করছে।

## আমানতকারীরা নাজেহাল ডাকপ্রশাসন নির্বিকার

সাগরদীঘি ঃ স্থানীয় ব্লকের কড়াইয়া, খেরুর, বালিয়া, পিলকী প্রভৃতি বিভিন্ন গ্রামের অধিবাসীরা ডাকঘরে পাশবহিতে আমানত করে বোকা বনেছেন বলে অভিযোগ। জানা যায় তাঁদের প্রয়োজনে এমন কি উচ্চ শ্রেণীতে ভর্তি, বই কেনা, মেয়ের বিবাহের ব্যাপারেও তাঁরা পাশ বই থেকে টাকা তুলতে পারছেন না। কারণ হিসাবে জানা যায় তিন/চার মাস আগে পাশ বহিতে সুদ তোলার জন্য বই নেওয়া হয়েছে। এখনও নাকি বইগুলি বড় ডাকঘর থেকে ফিরে আসেনি। কি ব্যাপার জানতে চাইলে বিভিন্ন শাখা ডাকঘর এবং মনিগ্রাম সাব পোষ্ট অফিস বলেন হেড অফিস থেকে বই না এলে তাঁদের করার কিছু নেই। বর্তমানে মুর্শিদাবাদ জেলা ডাক বিভাগের সুপার এই জেলার বিশেষ করে মনিগ্রামের বালিয়ার অধিবাসী। গ্রামবাসীরা তাঁর কাছে এই অব্যবস্থার প্রতিকার দাবী করছেন।

## আইন না মেনেই ইঁট টালির ভাটা তৈরী হচ্ছে

জঙ্গিপুর ঃ লালগোলা যাবার প্রধান সড়কের লাগোয়া জোত-কমল থেকে রাজপুত তেঘরী পর্যন্ত এলাকায় বেশ কয়েকটি টালি ও ইঁট ভাটা তৈরী হয়েছে আইন কানুন না মেনেই বলে গ্রামবাসীদের অভিযোগ। ভাটা-গুলির কাছেই ঘনবসতি রয়েছে। এবং সড়কে ভারী দুর্ঘটনা ঘটার সম্ভাবনা। এ সমস্ত অভিযোগ জানিয়ে বিক্ষুব্ধ গ্রামবাসীরা প্রশাসনের কাছে প্রতিকার দাবী করেছেন।

### জমি বিক্রয়

১। ভদ্র পরিবেশে বসবাস করার উপযুক্ত রঘুনাথগঞ্জ গার্লস হাই স্কুলের সংলগ্ন ১৮ কাঠা জায়গা একত্রে বা প্লট করিয়া বিক্রয় হইবে।

২। পিয়ারাপুর গ্রাম সংলগ্ন হাইরোড লাগা ব্যবসার উপ-যোগী ৬॥ কাঠা জায়গা বিক্রয় হইবে। যোগাযোগের স্থান—


শ্রীরাজারাম মুন্দ্রা, জঙ্গিপুর

## অবাধ নির্ব্বাচন



যায়েগা কাঁহা মুঝে ভোট দেনে হোগা

শক্তি এমন-স্টীল যেমন



দুর্গাপুর সিমেন্ট

একটি বিড়লা প্রতিষ্ঠান

ফ্যাক্টরী ঃ দুর্গাপুর-৭১৩২০৩ (পশ্চিমবঙ্গ)

কলকাতা অফিস ঃ বিড়লা বিল্ডিং, ৯/১ আর এন মুখার্জ্জী রোড, কলকাতা-৭০০ ০০১

DPS/DC-891

যৌতুকে VIP

সকল অনুষ্ঠানে VIP

ভ্রমণের সাথী VIP

এর জুড়ি কি আর আছে!

সংগ্রহ করতে চলে আসুন দুলুর দোকানের

VIP সেন্টারে

এজেন্ট

প্রভাত ষ্টোর (দুলুর দোকান)

রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ

বসন্ত মালতী

রূপ প্রসাধনে অপরিহার্য

সি, কে, সেন এ্যাণ্ড কোং

লিমিটেড

কলিকাতা ॥ নিউ দিল্লী

কিস্তিতে মোটর বাইক/স্কুটার/টিভি/বাস/লরী কিনবেন?

বাড়ী করার জন্য লোন চান? বাস্তু জমি বা পুরানো বাস, লরী, মোটর সাইকেল, টিভি প্রভৃতি কেনাবেচা করতে চান? সত্বর যোগাযোগ করুন।

দিলসন্স্ মিউচুয়ালাইজার

DILSONS MUTUALISER

শ্মশানঘাট রোড, পোঃ রঘুনাথগঞ্জ, জেলা মুর্শিদাবাদ ৭৪২২২৫

বিঃ দ্রঃ ধুলিয়ান শাখা অফিস খোলার জন্য বেতন ও কমিশনে কর্মী চাই

রঘুনাথগঞ্জ (পিন—৭৪২২২৫) পণ্ডিত প্রেস হইতে অরুত্তম পণ্ডিত কর্তৃক সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত।